# সৌদিতে অগ্নিকাণ্ডে নিহত ৭ প্রবাসীর জানাজা একসঙ্গে সম্পন্ন



ছবি: সংগৃহীত

সৌদি আরবের রিয়াদে সোফা তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে নিহত নওগাঁর আত্রাইয়ের সাত প্রবাসীর জানাজা একসঙ্গে অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২৮ আগস্ট) সকাল ১০টা ১৫ মিনিটে আত্রাই উপজেলার মোল্লা আজাদ মেমোরিয়াল কলেজ মাঠে একই সঙ্গে সাতজনের জানাজা অনুষ্ঠিত হয়। পরে স্বজনদের কাছে মরদেহ হস্তান্তর করা হলে নিজ নিজ গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়।

এর আগে বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সৌদি আরবের অগ্নিকাণ্ডে নিহত ও শনাক্ত হওয়া নয় বাংলাদেশির মরদেহ দেশে আসে। তাঁদের মধ্যে সাতজনের বাড়ি নওগাঁর আত্রাই উপজেলায়। পরে প্রশাসনের সহযোগিতায় রাত দেড়টার দিকে মরদেহগুলো আত্রাইয়ে পৌঁছায়।

সাত প্রবাসীর জানাজায় নওগাঁ-৬ (আত্রাই-রানীনগর) আসনের সংসদ সদস্য শেখ মোহাম্মদ রেজাউল ইসলাম রেজু, জেলা প্রশাসক মোহাম্মদ সাইফুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনিরুজ্জামান, আত্রাই থানার ওসি মাহবুব আলমসহ প্রশাসনের কর্মকর্তা ও স্থানীয় বাসিন্দারা অংশ নেন।

জানাজা শেষে মরদেহগুলো পরিবারের সদস্যদের কাছে বুঝিয়ে দেওয়া হয়। এরপর স্বজনরা মরদেহ নিয়ে নিজ নিজ গ্রামের উদ্দেশে রওনা হন।

সংসদ সদস্য শেখ মোহাম্মদ রেজাউল ইসলাম রেজু বলেন, নিহতদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে সহায়তা দেওয়া হয়েছে। সরকারের পক্ষ থেকেও ভবিষ্যতে তাদের পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে। সৌদি আরবে থাকা অন্য নিহতদের মরদেহ দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে বলেও জানান তিনি।

সৌদি দূতাবাসের শনাক্ত তালিকা অনুযায়ী, নিহত সাতজন হলেন আত্রাই উপজেলার উদনপৈ গ্রামের মো. ফরিদ, গণ্ডগোহালী গ্রামের রুবেল প্রামাণিক, মোহন আলী, সুমন আলী ও কলিমুদ্দিন, ডুবাই গ্রামের সোহেল রানা এবং পারকাসুন্দা গ্রামের আব্দুল জলিল সরদার।

LENS ASIA